# পোশাক খাতের সমস্যা সমাধানে সহযোগিতার আশ্বাস রাষ্ট্রপতির



ছবি: সংগৃহীত

তৈরি পোশাক ও বস্ত্র খাতের বিভিন্ন সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (২১ সেপ্টেম্বর) সকালে বঙ্গভবনে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) ২২ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ আশ্বাস দেন। সংগঠনটির সভাপতি শওকত আজিজ রাসেলের নেতৃত্বে প্রতিনিধিদলটি রাষ্ট্রপতির সঙ্গে দেখা করে।

রাষ্ট্রপতি বলেন, কর্মসংস্থান, অর্থনীতি ও বৈদেশিক মুদ্রা অর্জনে পোশাক শিল্পের বড় ভূমিকা রয়েছে। প্রতিযোগী দেশগুলোর সঙ্গে তাল মিলিয়ে এগোতে বাংলাদেশের শিল্প প্রতিষ্ঠানগুলোর জন্যও বাস্তবভিত্তিক সমন্বিত নীতি সহায়তা দরকার। এ বিষয়ে সরকারের নীতিনির্ধারকদের সঙ্গে আলোচনা করতে ব্যবসায়ী নেতাদের পরামর্শ দেন তিনি এবং প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।

দেশের অর্থনীতি এখন নতুনভাবে এগিয়ে নেওয়ার সুযোগ তৈরি হয়েছে উল্লেখ করে রাষ্ট্রপতি ব্যবসায়ী নেতাদের কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানান। তিনি বলেন, রাজনৈতিক অস্থিরতাসহ নানা কারণে স্বাধীনতার ৫৫ বছরেও অর্থনীতিকে কাঙ্ক্ষিত পর্যায়ে নেওয়া সম্ভব হয়নি।

LENS ASIA

জ্বালানি সংকটকে বর্তমান সময়ের অন্যতম বড় সমস্যা হিসেবে উল্লেখ করেন রাষ্ট্রপতি। দেশের নিজস্ব গ্যাস ও জ্বালানি অনুসন্ধান-আহরণ এবং দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তায় আগের সময়ে উল্লেখযোগ্য উদ্যোগ নেওয়া হয়নি বলেও মন্তব্য করেন তিনি। মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের কারণে বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলো বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে উল্লেখ করে জ্বালানি সংকট মোকাবিলায় সরকারের প্রচেষ্টা অব্যাহত থাকার কথা জানান।

সাক্ষাতে বিটিএমএ সভাপতি শওকত আজিজ রাসেল দেশের অর্থনীতিতে পোশাক ও বস্ত্র খাতের অবদান তুলে ধরেন। একই সঙ্গে বস্ত্র খাতের বর্তমান সমস্যা ও চ্যালেঞ্জ সম্পর্কে রাষ্ট্রপতিকে জানান তিনি।

দেশীয় বস্ত্রকল রক্ষায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টির মাধ্যমে সুতা আমদানির সুযোগ দেওয়ার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত বহাল রাখার ওপরও গুরুত্ব দেন প্রতিনিধিদলের সদস্যরা।